

জেদ ও একশ্বেয়মি পরিহার করে নির্বাচনের পরিবেশ সৃষ্টি করুন



দেশব্যাপী পালিত দাবি দিবস-এর ঢাকায় সমাবেশ শেষে মিছিল

আসন্ন একাদশ জাতীয় সংসদ নির্বাচনের আগে নির্বাচনী পরিবেশ সৃষ্টি, নির্বাচনী ব্যবস্থা সংস্কারের দাবিতে বাম গণতান্ত্রিক জোট ১০ সেপ্টেম্বর '১৮ দেশব্যাপী 'দাবি দিবস' পালন করে। জাতীয় শ্রেসক্লাবের সামনে অনুষ্ঠিত কেন্দ্রীয় কর্মসূচিতে নেতৃবৃন্দ বলেন, একতরফা নির্বাচনের পায়তারা দেশের মানুষ আর বরদ্বন্দ্ব করবে না। নেতৃবৃন্দ সরকারের প্রতি আহ্বান জানিয়ে বলেন, জেদ ও একশ্বেয়মি পরিহার করে নির্বাচনের গণতান্ত্রিক পরিবেশ সৃষ্টির উদ্যোগ নিন।

জোটের সমন্বয়ক কমরেড সাইফুল হকের সভাপতিত্বে সমাবেশে বক্তব্য রাখেন বাংলাদেশের কমিউনিস্ট পার্টি (সিপিবি)'র সাধারণ সম্পাদক কমরেড মো. শাহ আলম, বাসদ কেন্দ্রীয় নেতা কমরেড বজলুর রশীদ ফিরোজ, গণতান্ত্রিক বিপ্লবী পার্টির সাধারণ সম্পাদক মোশাররফা মিশু, ইউনাইটেড কমিউনি স্টলীগের সম্পাদকমণ্ডলির সদস্য আজিজুর রহমান, বাসদ (মার্কসবাদী)'র কেন্দ্রীয় নেতা আলমগীর হোসেন দুলাল, গণসংহতি আন্দোলনের মনিরউদ্দিন পাশু, বাংলাদেশের সমাজতান্ত্রিক আন্দোলনের আহ্বায়ক হামিদুল হক। সমাবেশে উপস্থিত ছিলেন সিপিবি'র সাবেক সভাপতি মনজুরুল আহসান খান, গণসংহতি আন্দোলনের প্রধান সমন্বয়ক জোনায়েদ সাকি, ইউনাইটেড কমিউনি স্টলীগের সাধারণ সম্পাদক মোশাররফ হোসেন নান্নু। সভা পরিচালনা করেন বাসদ নেতা খালেকুজ্জামান লিপন।

নেতৃবৃন্দ বলেন, বর্তমান সরকার ২০১৪ সালের ৫ জানুয়ারি ভোটার ও প্রার্থীবিহীন নির্বাচনের মাধ্যমে ক্ষমতাসীন হওয়ার পর নির্বাচনী ব্যবস্থাকে অকার্যকর করে ফেলেছে। জনগণের ভোটাধিকার হরণ করা হয়েছে। প্রশাসনকে ব্যবহার করে নির্বাচনকে প্রহসনে পরিণত করা হয়েছে। তারা বলেন, গণতান্ত্রিক ধারায় সরকার পরিবর্তনের প্রক্রিয়া বন্ধ করে দেয়ার কৌশল হবে খুবই আত্মঘাতী এবং দেশের জন্য বিপর্যয় সৃষ্টিকারী।

নেতৃবৃন্দ বলেন, এ মুহুর্তে দেশে অবাধ, নিরপেক্ষ, অর্থবহ, অংশগ্রহণমূলক গ্রহণযোগ্য নির্বাচনের কোন পরিবেশ নেই। বর্তমান সরকারের অধীনে সরকারের অনুগত নির্বাচন কমিশনের দ্বারা অবাধ, নিরপেক্ষ নির্বাচন অনুষ্ঠান সম্ভব নয়। নেতৃবৃন্দ আসন্ন নির্বাচনকে অবাধ ও নিরপেক্ষ করার জন্য তফসিল ঘোষণার আগে বর্তমান সরকারের পদত্যাগ, সব দল ও সমাজের অপরাপর মানুষের মতামতের ভিত্তিতে নির্বাচনকালীন নিরপেক্ষ তদারকি সরকার গঠন, বর্তমান জাতীয় সংসদ ভেঙে দেয়া ও নির্বাচন কমিশন পুনর্গঠনের দাবি জানান।

নেতৃবৃন্দ নির্বাচনী ব্যবস্থার আমূল সংস্কারের জন্য সংখ্যানুপাতিক প্রতিনিধিত্ব ব্যবস্থা প্রবর্তন, অর্থ, পেশিশক্তি, ধর্মের অপব্যবহার ও প্রশাসনের কারসাজি বন্ধের জন্য আরপিও'র সংশোধনী দাবি করেন।

নেতৃত্বন্দ ভোটাধিকার রক্ষায় গণসংগ্রাম-গণপ্রতিরোধ গড়ে তুলতে জনগণকে আহ্বান জানান। সারাদেশে জেলা উপজেলায় 'দাবি দিবস' পালনের জন্য দেশবাসীকে অভিনন্দন জানান।